মুজিবনগরে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন

মুজিবনগরে শুভ বড়দিন উপলক্ষে সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার বল্লভপুর ফুটবল খেলার মাঠে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন জাতীয় পতাকা উত্তোলন, মশাল প্রজ্বোলন এবং শান্তির প্রতিক পায়রা উড়িয়ে ঐতিহ্যবাহী সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করেন। পরে মেলা প্রাঙ্গণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

অনুষ্ঠানে বিনিময় বিশ্বাস ও লুকহরেন্দ বিশ্বাস এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,জেলা পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম,উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস,মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, বাগোয়ান ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, খ্রিস্টীয় আনন্দ উৎসব কমিটির সম্পাদক মি: মাইকেল তপু বিশ্বাস।

অনুষ্ঠানের মাঝে মাঝে দেশাক্তবোধক গান ও রবিন্দ্র সংগীত এর তালে তালে নৃত্য পরিবেশন করেন বল্লভপুর গ্রামের কিশোর কিশোরিরা। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।